



## বাংলাদেশ ইনস্টিটিউট অব প্ল্যানার্স (বি.আই.পি.)

প্ল্যানার্স টাওয়ার (লেভেল-৭), ১৩/এ, বীর উত্তম সি.আর. দত্ত (সোনারগাঁও) রোড, বাংলামটর, ঢাকা-১০০০  
ফোনঃ ৮৮০-২-৯৬৬৭৬৫৩, ৯৬৬৫২২৩, ফ্যাক্সঃ ৮৮০-২-৯৬৬৫২২৩, ই-মেইলঃ bipinfo@bip.org.bd, ওয়েবসাইটঃ www.bip.org.bd

তারিখঃ ১২/০৯/২০২১

### নির্বাচনী তফসিল

বাংলাদেশ ইনস্টিটিউট অব প্ল্যানার্সের ১৫তম নির্বাহী বোর্ড (২০২২-২০২৩) নির্বাচন আগামী ১৯ নভেম্বর, ২০২১ (শুক্রবার) তারিখে বি.আই.পি. কার্যালয়ে (প্ল্যানার্স টাওয়ার, লেভেল-৭, ১৩/এ, বীর উত্তম সি.আর. দত্ত রোড, বাংলামটর, ঢাকা-১০০০) অনুষ্ঠিত হবে। বোর্ড নির্বাচনের জন্য বি.আই.পি.-র সম্মানিত সদস্যবৃন্দের কাছ থেকে নিম্ন লিখিত পদে নির্ধারিত ফর্মে মনোনয়ন আহ্বান করা যাচ্ছে। একজন প্রার্থী কেবলমাত্র একটি পদের জন্য প্রতিদ্বন্দ্বিতা করতে পারবেন। পদপ্রার্থী, প্রস্তাবকারী ও সমর্থনকারীর নাম অবশ্যই চূড়ান্ত ভোটার তালিকায় থাকতে হবে। পদের বিবরণ এবং নির্বাচন তফসিল নীচে দেয়া হলঃ

ক) পদের বিবরণ	সংখ্যা
১। প্রেসিডেন্ট	১
২। ভাইস প্রেসিডেন্ট-১	১
৩। ভাইস প্রেসিডেন্ট-২	১
৪। সাধারণ সম্পাদক	১
৫। যুগ্ম সম্পাদক	১
৬। ট্রেজারার	১
৭। বোর্ড মেম্বর (প্রফেশনাল এফেয়ার্স)	১
৮। বোর্ড মেম্বর (একাডেমিক এফেয়ার্স)	১
৯। বোর্ড মেম্বর (রিসার্চ এন্ড পাবলিকেশন)	১
১০। বোর্ড মেম্বর (ন্যাশনাল এন্ড ইন্টারন্যাশনাল লিয়াজো)	১
১১। বোর্ড মেম্বর (মেম্বরশিপ এফেয়ার্স)	১

### খ) নির্বাচন সময়সূচী (বাংলাদেশ সময় GMT+6 প্রযোজ্য)

১.	নির্বাচনের তফসিল ঘোষণা	ঃ ১২/০৯/২০২১ (রবিবার)
২.	খসড়া ভোটার তালিকা প্রকাশ	ঃ ১৪/০৯/২০২১ (মঙ্গলবার সন্ধ্যা ৬.০০ টা)
৩.	চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশ	ঃ ০২/১০/২০২১ (শনিবার সন্ধ্যা ৭.০০ টা)
৪.	মনোনয়ন ফরম বিতরণ শুরু	ঃ ০৩/১০/২০২১ (রবিবার সকাল ১১.০০টা থেকে)
৫.	মনোনয়নপত্র জমা দেয়ার শেষ তারিখ ও সময়	ঃ ১৪/১০/২০২১ (বৃহস্পতিবার সন্ধ্যা ৬.০০টা পর্যন্ত)
৬.	মনোনয়নপত্র বাছাই ও প্রাথমিক প্রার্থী তালিকা প্রকাশ	ঃ ১৮/১০/২০২১ (সোমবার সন্ধ্যা ৬.০০টা)
৭.	প্রার্থীতা প্রত্যাহারের শেষ তারিখ ও সময়	ঃ ২৩/১০/২০২১ (শনিবার সন্ধ্যা ৬.০০টা পর্যন্ত)
৮.	চূড়ান্ত প্রার্থীদের তালিকা প্রকাশ	ঃ ২৮/১০/২০২১ (বৃহস্পতিবার রাত ৮.০০টা)
৯.	ইলেকট্রনিক ভোটের আবেদন শুরু	ঃ ২৯/১০/২০২১ (শুক্রবার)
১০.	ইলেকট্রনিক ভোটের আবেদন শেষ	ঃ ০৬/১১/২০২১ (শনিবার সন্ধ্যা ৬.০০টা পর্যন্ত)
১১.	ই-ভোটারদের কাছে ভোটিং নির্দেশনা প্রেরণ	ঃ ১৩/১১/২০২১ (শনিবার)
১২.	নির্বাচন অনুষ্ঠান	ঃ ১৯/১১/২০২১ (শুক্রবার সকাল ১০.০০টা থেকে বিকাল ৪.০০টা পর্যন্ত)
১৩.	নির্বাচনের ফলাফল প্রকাশ	ঃ ১৯/১১/২০২১ (শুক্রবার, ভোট গ্রহণ শেষে)

### গ) অন্যান্য তথ্য

১. ০৩/১০/২০১৯ ইং রবিবার থেকে ১৪/১০/২০১৯ ইং বৃহস্পতিবার সকাল ১১.০০টা থেকে সন্ধ্যা ৬.০০টা (শুক্রবার এবং অন্যান্য সরকারি ছুটির দিন ব্যতীত) পর্যন্ত বিনামূল্যে বি.আই.পি. কার্যালয় থেকে মনোনয়ন ফর্ম সংগ্রহ করা যাবে। এছাড়াও নির্বাচন সংক্রান্ত সামগ্রিক কার্যক্রম (মনোনয়ন ফর্ম বাছাই, প্রার্থী তালিকা প্রকাশ, ভোট গ্রহণ ও গণনা ইত্যাদি) বি.আই.পি. কার্যালয় থেকে পরিচালিত হবে। মনোনয়নপত্র বাছাই করার সময় প্রার্থী নিজে বা তাঁর প্রতিনিধি (অবশ্যই ভোটার) উপস্থিত থাকতে পারেন। বি.আই.পি.-র ১৫তম নির্বাহী বোর্ড (২০২২-২০২৩) নির্বাচনের তফসিল (নির্বাচন সময়সূচী) বিজ্ঞপ্তি আকারে একটি বহুল প্রচারিত জাতীয় দৈনিকে (দৈনিক প্রথম আলো) প্রকাশিত হবে। এছাড়াও নির্বাচন সংশ্লিষ্ট বিষয়ে যে কোন তথ্য বি.আই.পি.-র নিজস্ব কার্যালয়, অফিসিয়াল ফেসবুক পেইজ এবং ওয়েবসাইট (www.bip.org.bd) থেকে জানা যাবে।

২. চলমান কোভিড পরিস্থিতিতে যথাযথ স্বাস্থ্যবিধি অনুসরণ পূর্বক সম্মানিত ভোটারগণ বি.আই.পি. কার্যালয়ে স্বশরীরে উপস্থিত হয়ে ভোট প্রদান করতে পারবেন। তবে সার্বিক বিবেচনায় বি.আই.পি.-র ১৫তম নির্বাহী বোর্ড নির্বাচন-২০২১ এর ক্ষেত্রে বাংলাদেশ এবং বাংলাদেশ এর বাইরে অবস্থানরত সকল সম্মানিত ভোটারগণ ইলেকট্রনিক ভোট প্রদানের জন্য বিবেচিত হবেন। এক্ষেত্রে নির্বাচন কমিশনের পক্ষ থেকে একটি 'গুগল ফর্ম' ইমেইল এর মাধ্যমে সম্মানিত ভোটারগণের নিকট প্রেরণ করা হবে। নির্ধারিত 'গুগল ফর্মে' প্রয়োজনীয় তথ্য প্রদান করে ইলেকট্রনিক ভোটিং এ অংশগ্রহণের জন্য আবেদন করা যাবে। অসম্পূর্ণ আবেদন এবং তফসিলে নির্ধারিত সময়সীমার পরে প্রাপ্ত কোন আবেদন ইলেকট্রনিক ভোটের জন্য বিবেচনা করা হবে না।

উল্লেখ্য যে, ইলেকট্রনিক ভোটের জন্য আবেদনকারী কর্তৃক প্রদত্ত তথ্যাবলীর সাথে বি.আই.পি. কার্যালয়ে তার সংরক্ষিত তথ্যাবলী মিলিয়ে নিশ্চিত হওয়ার পরেই শুধুমাত্র আবেদনকারীকে ভোটিং এর প্রয়োজনীয় তথ্য প্রেরণ করা হবে।

৩. বি.আই.পি.-র ১৫তম নির্বাহী বোর্ড নির্বাচন-২০২১ উপলক্ষ্যে নির্বাচন কমিশনের পক্ষ থেকে বি.আই.পি.-র সম্মানিত সদস্যদের সাথে সকল ধরনের যোগাযোগ bipelectioninfo@bip.org.bd ইমেইল ঠিকানার মাধ্যমে সম্পন্ন করা হবে।

পরিকল্পনাবিদ মোঃ মনিরুল আলম মিঠু

প্রধান নির্বাচন কমিশনার

বি.আই.পি.-র ১৫তম নির্বাহী বোর্ড নির্বাচন, ২০২১

মোবাইল নং: ০১৭১৪-১০৮২৩৩